Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)
ISO 9001:2015 Certified

স্মারক নং: বায়রা/Takamol/৪২৮/২০২৫/৪৮২

তারিখ: ১৭ কার্তিক ১৪৩২ / ০২ নভেম্বর ২০২৫

**মহাপরিচালক (গ্রেড-১)**
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০

**দৃ:আ: অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ)**

**বিষয়ঃ বায়রা'র প্রশিক্ষণ কেন্দ্র BISTI-তে Takamol বিষয়ক প্রশিক্ষণের জন্য প্রশিক্ষক নিয়োগ প্রসঙ্গে।**

সূত্রঃ মন্ত্রণালয়ের পত্র নং- ৪৯.০০.০০০০.০৩৮.৯৯.০৬৯.২৫.১৪৮, তারিখ ১৯/১০/২০২৫

**মহোদয়,**

আস্সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ ওয়া বারাকাতুহু।

উপর্যুক্ত সূত্রের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সৌদি আরবে গমনেচ্ছু অভিবাসী কর্মীদের জন্য সে দেশের সরকার কর্তৃক গৃহীত Skills Verification Program (SVP)'র আওতায় Takamol অ্যাসেসমেন্ট করা হয়। সূত্রোক্ত পত্রে বায়রা'র প্রশিক্ষণ কেন্দ্র বায়রা ইন্টারন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং ইনস্টিটিউট (BISTI), গাজীপুর সহ অন্যান্য মানসম্পন্ন ও অবকাঠামো সমন্বিত প্রশিক্ষণ কেন্দ্র সমূহে Skills Verification Program (SVP)'র আওতায় Takamol প্রশিক্ষণের উদ্দেশ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি দ্বারা সজ্জিতকরণসহ যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে অনুরোধ জানানো হয় (কপি সংযুক্ত)।

২। সে প্রেক্ষিতে গত ২৬/১০/২০২৫ তারিখ হতে বায়রা'র প্রশিক্ষণ কেন্দ্র BISTI, গাজীপুর-এ SVP আওতায় Takamol অন্তর্ভূক্ত Loader-Unloader বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে। উক্ত প্রশিক্ষণের পরবর্তী ব্যাচ নিম্নোক্ত তারিখ ও সময়ে শুরু হবে:

| ব্যাচ | তারিখ ও বার | সময় | বিষয় |
|---|---|---|---|
| ২য় ব্যাচ | ০৩-০৫ নভেম্বর ২০২৫ (সোম, মঙ্গল, বুধ) | সকাল ৯.৩০ হতে বিকাল ৪.৩০ | ToT |
| ৩য় ব্যাচ | ১০-১২ নভেম্বর ২০২৫ (সোম, মঙ্গল, বুধ) | সকাল ৯.৩০ হতে বিকাল ৪.৩০ | ToT |
| ৪র্থ ব্যাচ | ১৭-১৯ নভেম্বর ২০২৫ (সোম, মঙ্গল, বুধ) | সকাল ৯.৩০ হতে বিকাল ৪.৩০ | কর্মী/ToT |
| ৫ম ব্যাচ | ২৪-২৬ নভেম্বর ২০২৫ (সোম, মঙ্গল, বুধ) | সকাল ৯.৩০ হতে বিকাল ৪.৩০ | কর্মী/ToT |

এমতাবস্থায়, বায়রা'র প্রশিক্ষণ কেন্দ্র BISTI, গাজীপুর-এ SVP আওতায় Takamol অন্তর্ভূক্ত Loader-Unloader বিষয়ক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র অধীনস্থ প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে ইতোপূর্বের আলোচনার ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষক নিয়োগ অব্যাহত রাখার নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিষয়টি জরুরী**

**সংলগ্নীঃ ১ পাতা বর্ণনামতে।**

বায়রা'র পক্ষে-

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (দৃ:আ: উপসচিব, প্রশিক্ষণ-১ শাখা)।
২। জনাব মোঃ আশরাফ হোসেন, প্রশাসক, বায়রা ও অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব), বিএমইটি, কাকরাইল, ঢাকা।
৩। অধ্যক্ষ, বাংলাদেশ কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর রোড, দারুস সালাম, ঢাকা-১২১৬
৪। অধ্যক্ষ, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর রোড, দারুস সালাম, ঢাকা-১২১৬
৫। উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৬। Country Representative, IOM, Dhaka (প্রশিক্ষণ মডিউল অনুযায়ী IOM অর্ন্তভূক্ত বিষয়ে সেশন পরিচালনার অনুরোধসহ)।
৭। সম্মানিত সদস্য (সকল), বায়রা।
৮। জনাব মো: আজমল হোসেন, ইন্সট্রাক্টর, বাংলাদেশ কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর রোড, দারুস সালাম, ঢাকা।
৯। জনাব মো: জাকির হোসেন, জব প্লেসমেন্ট অফিসার, ইন্সট্রাক্টর (Loader-Unloader), মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর রোড, দারুস সালাম, ঢাকা।
১০। জনাব মাহফুজুর রহমান (মাহফুজ), ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ), BISTI ও অফিস সুপার, বায়রা, ঢাকা।
১১। Takamol Office, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), কাকরাইল, ঢাকা।
১২। ওয়েবসাইট (www.baira.org.bd)।

বায়রা সচিবালয়, ঢাকা

| সম্মানিত প্রশাসক | সচিব |
|---|---|
| ম্যানেজার/এএম/এসও/এও/আইটিও/ | |
| বিশেষ নির্দেশনা | |
| ডকেট/ডায়েরী নং 1046 | |
| তারিখ ও সময় 19/10/25 | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশিক্ষণ-১ (কারিকুলাম) শাখা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০৩৮.৯৯.০৬৯.২৫.১৪৮

তারিখ: ১৯ অক্টোবর, ২০২৫ খ্রি.

**বিষয়: সৌদি আরবে কর্মী প্রেরণের লক্ষ্যে Skill Verification Program (SVP) এর তালিকাভুক্ত ট্রেডসমূহে প্রশিক্ষণ চালু করার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৌদি আরব গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের SVP'র তালিকা অনুযায়ী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ শেষে Takamol অ্যাসেসমেন্টে অংশগ্রহণ করতে হয়। বর্তমানে মাসে প্রায় ৪৫,০০০ কর্মী Takamol Test-এ অংশগ্রহণ করলেও বিএমইটি'র নির্ধারিত টিটিসিসমূহে মাসে সর্বোচ্চ ১৬,০০০ জনকে প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে। ফলে বাস্তব কারনেই অনেক কর্মী SVP'র তালিকাভূক্ত ট্রেডসমূহের প্রশিক্ষণ ছাড়াই Takamol Test-এ অংশগ্রহণ করছেন এবং এর মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক কর্মী পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হচ্ছেন। টিটিসি'র পাশাপাশি বায়রা'র মানসম্পন্ন প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে SVP'র তালিকাভুক্ত নির্ধারিত ট্রেডসমূহের প্রশিক্ষণ আয়োজন করা সম্ভব হলে এ সমস্যা কাটিয়ে উঠা সম্ভবপর হবে।

০২। এমতাবস্থায়, BAIRA International Skill Training Centre সহ অন্যান্য মানসম্পন্ন ও অবকাঠামো সমন্বিত প্রশিক্ষণ কেন্দ্রসমূহে SVP'র তালিকাভুক্ত ট্রেডে প্রশিক্ষণের উদ্দেশ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি দ্বারা সজ্জিতকরণসহ যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯.১০.২৫
(সায়রা পারভীন)
উপসচিব
ফোন: ৪১০৩০২৫৭
ইমেইল: dstraining@probashi.gov.bd

প্রশাসক,
বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)
বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।

**অনুলিপি: সদয় অবগতির জন্য**

০১। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা।
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (যুগ্মসচিব), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৪। উপসচিব (প্রশিক্ষণ অধিশাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৫। যুগ্মসচিব (প্রশিক্ষণ অনুবিভাগ), এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৬। অফিস কপি।